

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
পরিকল্পনা -১ শাখা

বিষয়: শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের আওতায় শ্রম অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন “নারায়ণগঞ্জ বন্দর ও চট্টগ্রামের কালুরঘাটে শ্রমজীবী মহিলা হোস্টেল ও ০৫ শয্যার হাসপাতাল সুবিধাসহ শ্রম কল্যাণ কমপ্লেক্স নির্মাণ” শীর্ষক প্রকল্পের প্রকল্প স্টিয়ারিং কমিটি (পিএসসি) 'র ২য়' সভার কার্যবিবরণী।

সভাপতি : কে এম আলী আজম, সচিব
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

সভার স্থান : মন্ত্রণালয়ের সভাকক্ষ

সভার তারিখ : ০৯/০২/২০২০খ্রি:

সভায় উপস্থিত কর্মকর্তাদের নামের তালিকা পরিশিষ্ট 'ক' তে দেয়া হ'ল।

উপস্থাপনা:

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভার প্রথমে আলোচ্যসূচী অনুসারে প্রকল্প পরিচালককে ধারাবাহিকভাবে আলোচনার জন্য অনুরোধ জানানো হয়।

আলোচনা ২:

২.১ প্রকল্প পরিচালক সভাপতির নির্দেশক্রমে সভার আলোচ্যসূচী অনুযায়ী আলোচনা শুরু করেন। সভার প্রথমে গত ১০-১০-২০১৯ তারিখে অনুষ্ঠিত প্রকল্পের ১ম PSC সভার সিদ্ধান্ত সমূহ এবং এর বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপন করা হয়। শ্রম অধিদপ্তরের অতিরিক্ত মহাপরিচালক-কে PIC সভার সদস্য হিসেবে অন্তর্ভুক্তির প্রস্তাব করা হলে সকলে এ বিষয়ে একমত প্রকাশ করেন।

২.২ প্রকল্পের আর্থিক অগ্রগতি সম্পর্কে প্রকল্প পরিচালক বলেন যে, প্রকল্পের মেয়াদ আগামী ৩১ ডিসেম্বর ২০২০ সাল পর্যন্ত নির্ধারিত রয়েছে। প্রকল্পের মোট প্রাক্কলিত ব্যয় ১১৫০৭.২৩ লক্ষ টাকা। ২০১৯-২০ অর্থ প্রকল্পের অনুকূলে ৩০০০.০০ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে। জানুয়ারী ২০২০ পর্যন্ত ব্যয় হয়েছে ১২৯৮.৩৫ লক্ষ টাকা যা বরাদ্দের ৪০.২৮% এবং জানুয়ারী ২০২০ পর্যন্ত ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি ৪০১৭.৬৭ লক্ষ টাকা যা মোট প্রাক্কলিত ব্যয়ের প্রায় ৩৪.৯১%। প্রকল্পের ভৌত অগ্রগতি ৭৫%। প্রকল্পটি নির্ধারিত সময়ের মধ্যেই সমাপ্ত করার সম্ভব হবে মর্মে প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন।

২.৩ প্রকল্পের বন্দর এবং কালুরঘাট অংশের হোস্টেল ভবনে Fire Protection & Detection System, ফায়ার হাইড্রেন্ট, সি সি টিভি ও একসেস কন্ট্রোল ডিভাইস, সোলার প্যানেল এবং প্রকল্পের কালুরঘাট অংশে জেনারেটর রুম এবং ০২ টি প্যাসেঞ্জার লিফট ও সংশ্লিষ্ট লিফট কোর স্থাপনের বিষয়ে সভায় উপস্থাপন করা হলে এটির যৌক্তিকতা বিবেচনায় সংশোধিত ডিপিপি'তে এ সকল আইটেম অন্তর্ভুক্ত করার বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।

২.৪ প্রকল্পের নারায়ণগঞ্জের বন্দর এবং চট্টগ্রামের কালুরঘাট অংশের জমির সর্বোচ্চ ব্যবহার করা হয়েছে। এক্ষেত্রে নারায়ণগঞ্জ অংশে ৭০০ জনের আবাসনের স্থানে ৬৪০ জন এবং কালুরঘাট অংশে ৯৬০ জনের স্থানে ৯২০ জনের

৭৭

আবাসনের ব্যবস্থা করা যাবে মর্মে সভা কে অবহিত করা হয়। সেনা কল্যাণ সংস্থা হতে জানানো হয় যে, ভবনে কেবিন ও হোটেল সুপারের কক্ষ অন্তর্ভুক্ত করতে হলে নকশামতে আবাসন ব্যবস্থার কিছুটা হেরফের হবে। এ পরিবর্তনসমূহ ডিপিপি'তে অন্তর্ভুক্তপূর্বক প্রকল্প সংশোধনের বিষয়ে কমিটির সদস্যবৃন্দ একমত প্রকাশ করেন।

২.৫ আলোচ্য প্রকল্পে মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা অনুসারে অর্থের উৎস হিসাবে ৫০০.০০ লক্ষ টাকা বাংলাদেশ ব্যাংকের গৃহায়ণ তহবিল হতে ঋণ দেখানো হয়েছে। এ ঋণ নেয়ার বিষয়ে উপসচিব (পরিকল্পনা) কে আহবায়ক শ্রম অধিদপ্তরের পরিচালক (পরিকল্পনা) এবং এ মন্ত্রণালয়ের সিনিয়র সহকারী প্রধান (পরিকল্পনা-১) কে সদস্য করে তিন সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়েছে।

সিদ্ধান্ত ৩:


৩.১ প্রকল্পের বন্দর এবং কালুরঘাট অংশের হোটেল ভবনে Fire Protection & Detection System, ফায়ার হাইড্রেন্ট, সি সি টিভি ও একসেস কন্ট্রোল ডিভাইস, সোলার প্যানেল এবং প্রকল্পের কালুরঘাট অংশে জেনারেটর রুম এবং ০২ টি প্যাসেঞ্জার লিফট ও সংশ্লিষ্ট লিফট কোর স্থাপনপূর্বক সংশোধিত প্রাক্কলিত ব্যয়সহ পুনঃগঠিত ডিপিপি ০৮/০৩/২০২০ তারিখের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে;

৩.২ প্রকল্প স্থানের জমির সর্বোচ্চ ব্যবহার করে নারায়ণগঞ্জ অংশে ৭০০ জনের আবাসনের স্থানে ৬৪০ জন এবং কালুরঘাট অংশে ৯৬০ জনের স্থানে ৯২০ জনের আবাসনের ব্যবস্থা করা যাবে মর্মে সংশোধিত ডিপিপি'তে এটি প্রতিফলিত করতে হবে;

৩.৩ অর্থের উৎস হিসাবে বাংলাদেশ ব্যাংকের গৃহায়ণ তহবিল হতে ৫০০.০০ লক্ষ টাকা ঋণ নেয়ার বিষয়ে উপসচিব (পরিকল্পনা) কে আহবায়ক শ্রম অধিদপ্তরের পরিচালক (পরিকল্পনা) এবং এ মন্ত্রণালয়ের সিনিয়র সহকারী প্রধান (পরিকল্পনা-১) কে সদস্য করে তিন সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করা হলো;

৩.৪ শ্রম অধিদপ্তরের অতিরিক্ত মহাপরিচালক-কে PIC সভার সদস্য হিসেবে কো-অপ্ট করা হল;

৪। সভায় আর কোনো আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


(কে এম আলী আজম)

সচিব

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
ও সভাপতি, প্রজেক্ট স্টিয়ারিং কমিটি